দৈনিক
ইত্তেফাক

তারিখ 06.OCT.2015
পৃষ্ঠা ১৩ কলাম ৫

# অধ্যক্ষকে কক্ষে রেখে শিক্ষার্থীদের তালা

■ জলঢাকা (নীলফামারী) সংবাদদাতা

নীলফামারীর জলঢাকায় সোমবার অধ্যক্ষ ও ম্যানেজিং কমিটির উপর বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ এনে এক কলেজ অধ্যক্ষকে কক্ষে রেখে বাইরে দিয়ে তালা ঝুলিয়েছে ওই প্রতিষ্ঠানের বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। পরে সহকারী শিক্ষকদের অনুরোধে প্রায় ১ ঘন্টা পর তালা খুলে দিলে এ যাত্রায়ও রক্ষা পায় অধ্যক্ষ গোপীনাথ রায়। ঘটনাটি পৌরসভার বগুলাগাড়ী স্কুল এন্ড কলেজে। প্রতিষ্ঠানের বিক্ষুব্ধ শিক্ষার্থীরা জানান, কলেজ অধ্যক্ষ গোপীনাথ রায় ও ম্যানেজিং কমিটির সদস্যরা তাদেরকে প্রতারণা করে কলেজে ভর্তি করালেও নিয়মিত ক্লাস না করায় আমরা আজ উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত। তারা আরও জানান, যতদিন ৬ ঘন্টা ক্লাস না হবে এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরে না আসবে ততদিন আমাদের আন্দোলন চলবে। এ বিষয়ে বগুলাগাড়ী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ গোপীনাথ রায় কলেজের বর্তমান এ পরিস্থিতির জন্য ম্যানেজিং কমিটিকে দায়ী করেন। অন্যদিকে ম্যানেজিং কমিটির সভাপতি একে আজাদ বিদ্যমান সমস্যার জন্য প্রতিষ্ঠানের অধ্যক্ষকেই দায়ী করে বলেন, আমি শিক্ষক পাঠালেও সেখানে অধ্যক্ষের অসহযোগিতার জন্য শিক্ষকরা ছাত্র-ছাত্রীদের ক্লাস নিতে পারছেন না।